# দায়িত্বশীল খ্রীষ্টিয়ান

## পরিত্রাণ সম্পর্কে একটি পাঠ্য পুস্তক

ছাত্র রিপোর্ট—প্রশ্ন পত্র

ইন্টারন্যাশনাল করেসপণ্ডেন্স ইনস্টিটিউট

CS 1311-BN

# নির্দেশ

প্রতি খণ্ডের অধ্যয়ন শেষ হলে পর সেই খণ্ডের জন্য ছাত্র-রিপোর্টের উত্তর পত্রটি পূর্ণ করুন। উত্তর পত্রের নির্দেশ মত প্রতিটি প্রশ্নের উত্তর চিহ্নিত করুন। সেখানে দেওয়া উদাহরণগুলি বিশেষ ভাবে লক্ষ্য করুন, কিভাবে আপনার মনোনীত উত্তরগুলি কালো করতে হবে তা দেখিয়ে দেওয়া হয়েছে।

একবারে কেবল মাত্র একটি খণ্ডের কাজ করুন। প্রশ্নগুলির উত্তর দেবার সময় প্রয়োজন হলে আপনি বাইবেল ব্যবহার করতে পারেন। উত্তর পত্র পূর্ণ করে সঙ্গে সঙ্গে তা আই-সি-আই অফিসে পাঠিয়ে দিন। এই প্রশ্নপত্রটি পাঠানোর প্রয়োজন নাই।

*1984 All Rights Reserved
International Correspondence Institute
Brussels, Belgium
D/1984/2145/147.

আই-সি-আই অফিসের ঠিকানা ঃ

ইন্টারন্যাশনাল করসপণ্ডেন্স ইনষ্টিটিউট

পোষ্ট বক্স ৭০০, ঢাকা-২।

# ১ম খণ্ডের ছাত্র রিপোর্ট

১ নং উত্তর পত্রে সমস্ত প্রশ্নের চিহ্নিত করুন। কিভাবে উত্তর চিহ্নিত করতে হবে সে বিষয়ে উত্তর পত্রে দেওয়া উদাহরণগুলি দেখে নিন।

## ১ম অংশ – ১ম খণ্ডের জন্য আবশ্যকীয় বিষয়গুলি

এই প্রশ্নগুলির জন্য আপনার উত্তর **হ্যাঁ** হলে উত্তর পত্রে (ক) গোলকটি কালো করুন। উত্তর যদি **'না'** হয়, তাহলে (খ) গোলকটি কালো করুন।

১। আপনি কি প্রথম খণ্ডের সবগুলি পাঠ যত্নের সঙ্গে পড়েছেন।

২। আপনি কি পাঠের মধ্যকার শিক্ষা মূলক সমস্ত প্রশ্নের উত্তর দিয়েছেন ?

৩। আপনি কি সবগুলি পরীক্ষার কাজ করেছেন ?

৪। পরীক্ষার যে প্রশ্নগুলির উত্তর ভুল হয়েছিল, সেগুলির উপর কি আবারও পড়াশুনা করেছেন ?

৫। পাঠগুলির মধ্যে যে সব নতুন শব্দ পেয়েছেন, পরিভাষা অংশ থেকে সেগুলির অর্থ কি জেনে নিয়েছেন ?

## ২য় অংশ–সত্য-মিথ্যা প্রশ্ন

নীচের উক্তিগুলি সত্য অথবা মিথ্যা। কোন উক্তি যদি **সত্য** হয় তাহলে (ক) গোলকটি কালো করুন, আর যদি **মিথ্যা** হয় তাহলে (খ) গোলকটি কালো করুন।

৬। একজন মালিককে অবশ্যই অন্য কারও কাছে হিসাব দিতে হবে।

৭। একজন ধনাধ্যক্ষ তার সম্পত্তির মালিক নয়।

৮। বাইবেল বলে যে ঈশ্বরই সব কিছুর মালিক।

৯। ঈশ্বরের মালিকানাকে কখনও প্রশ্নের সম্মুখীন হতে হয়নি।

১০। কোন লোকের যদি কোন সম্পত্তি থাকে তবে এর মানে সে ঐ সম্পত্তির মালিক।

১১। একজন ম্যানেজারকে মালিকের নির্দেশ মত কাজ করতে হবে।

১২। ঈশ্বর মানুষকে তার নিজের জীবনের মালিক করেছেন।

## ৩য় অংশ—বাছাই-প্রশ্ন

নীচের প্রতিটি প্রশ্নের জন্য একটি মাত্র উপযুক্ত উত্তর আছে। আপনার মনোনীত উত্তর অনুসারে উত্তর পত্রে উপযুক্ত গোলকটি কালো করুন।

১৩। অপ্রকৃত মালিক নয়—

ক) ঈশ্বর ও সমাজ।
খ) ব্যক্তি ও ঈশ্বর।
গ) সমাজ ও ব্যক্তি।

১৪। "সব কিছুর উপরে সার্বভৌম ক্ষমতা" কার একটি বৈশিষ্ট্য ?

ক) ঈশ্বরের।
খ) স্বর্গ দূতদের।
গ) মানুষের।
ঘ) বিশ্বাসীদের।

১৫। খ্রীষ্টিয় ধনাধ্যক্ষতার ধারণাটি বুঝতে হলে কোন্ ব্যক্তিকে অবশ্যই-

ক) ব্যবস্থাপনা ও ধনাধ্যক্ষতার পার্থক্য বুঝতে সক্ষম হতে হবে।
খ) সম্পত্তি ও মালিকানার পার্থক্য বুঝতে সক্ষম হতে হবে।
গ) সার্বভৌম ক্ষমতা ও কর্তৃত্বের পার্থক্য বুঝতে সক্ষম হতে হবে।

১৬। আপনার বাইবেল থেকে নীচের দেওয়া প্রতি জোড়া পদ পাঠ করুন। কোন্ জোড়ায় মালিকানা বিচারে ঈশ্বর ও মানুষের মধ্যকার পার্থক্য সবচেয়ে ভালভাবে দেখানো হয়েছে ?

ক) যাত্রা ১৯ ঃ ৫ ; প্রেরিত ১৭ ঃ ২৫
খ) ১ বংশাবলী ২৯ ঃ ১৪ ; ১ করিন্থীয় ৪ ঃ ৭
গ) গীতসংহিতা ২৪ ঃ ১ ; হগয় ২ ঃ ৮
ঘ) ১ করিন্থীয় ৪ ঃ ৭ ; ১ তীমথিয় ৬ ঃ ৭

১৭। নীচের সত্যগুলির মধ্যে কোন্‌টি মালিক হিসাবে ঈশ্বরের অধিকারের কথা বলে ?

ক) তিনি সব কিছু জানেন।
খ) তিনি অনন্তজীবি।
গ) তিনি ভবিষ্যৎ দেখতে পান।
ঘ) তিনি সবকিছু সৃষ্টি করেছেন।

১৮। নীচের পদগুলি পাঠ করুন। কোন্‌টি মালিক হিসাবে ঈশ্বরের প্রতি কৃতজ্ঞ না থাকার কু-ফল দেখায় ?

ক ) যাত্রা ১৩ : ২২ গ ) রোমীয় ১ : ২১

খ ) লূক ৬ : ৪৬ ঘ ) ১ থিষলনীকীয় ৫ : ১৮

১৯। একজন ধনাধ্যক্ষ এবং একজন মালিকের মধ্যে যে গুরুত্বপূর্ণ পার্থক্য আছে তা এই বিষয়ের সাথে জড়িত :—

ক ) হিসাব দেওয়া।

খ ) সম্পত্তির পরিমান।

গ ) কি প্রকার দ্রব্যাদি বিনিয়োগ করা হয়েছে।

ঘ ) সম্পত্তি কিভাবে ব্যবহার করা হয়।

২০। ঈশ্বরের সাথে আমাদের সম্পর্কের ক্ষেত্রে আমাদের অবশ্যই এই উভয় ভূমিকায় কাজ করতে হবে :—

ক ) ধনাধ্যক্ষ ও ম্যানেজার।

খ ) সম্পত্তি ও এর অধিকার ভোগ।

গ ) মালিক এবং কর্মচারী।

ঘ ) সম্পত্তি ও ধনাধ্যক্ষ।

২১। যে ধনাধ্যক্ষ অন্যদের কাছে তার প্রভুর উত্তম প্রতিনিধি রূপে কাজ করেন তিনি এই প্রয়োজনীয় গুণটি পূর্ণ করেন :—

ক ) বিশ্বস্ততা

খ ) নিষ্ঠা।

গ ) প্রজ্ঞা।

২২। নীচের শাস্ত্রাংশগুলি পাঠ করুন। কোন্‌টিতে এমন একজন ধনাধ্যক্ষের উদাহরণ আছে যিনি প্রজ্ঞার সাথে ধনাধ্যক্ষের কাজ করছেন ?

ক ) আদি ৪১ : ৫৪-৫৭ গ ) প্রেরিত ১৬ : ৬-১২

খ ) মার্ক ১০ : ১৩-১৬ ঘ ) ১ করিন্থীয় ৩ : ১৩-১৭

২৩। যে ধনাধ্যক্ষ বিনিয়োগ সম্পর্কে ঈশ্বরের পরিকল্পনা অনুসরণ করেন তিনি :—

ক) তার পরিবার পরিজনের যত্ন নেবেন এবং যা অবশিষ্ট থাকবে তা ঈশ্বরকে দেবেন।

খ) প্রথমে শহরের গরীব লোকদের দান করবেন এবং তারপরে তার পরিচিত অভাবগ্রস্ত বিশ্বাসীদের সাহায্য করবেন।

গ) প্রথমে যা ঈশ্বরের প্রাপ্য তা ঈশ্বরকে দেবেন, তারপর পরিবারের ভরণ পোষণ ও অন্যদের সাহায্য করবেন।

ঘ) সবকিছু ঈশ্বরকে দেবেন এবং তার পরিবারের ভরণ পোষণের ভার অন্যদের উপর দেবেন।

২৪। খ্রীষ্টিয় ধনাধ্যক্ষ হিসাবে আমাদের যে চারটি দায়িত্ব আছে, এই পৃথিবীর জীবন শেষ করবার পরে সেগুলির মধ্যে কোন্‌টি আমাদের পূর্ণ করতে হবে?

ক) নির্দেশ অনুসরণ করা।
খ) নির্দেশ চাওয়া।
গ) বিনিয়োগ করা।
ঘ) হিসাব দেওয়া।

**১ম খণ্ডের প্রয়োজন সমাপ্ত।** এর পরে আপনার উত্তর পত্রের নির্দেশ মত কাজ করুন এবং উত্তর পত্রটি আই-সি-আই অফিসে পাঠিয়ে দিন। দ্বিতীয় খণ্ডের অধ্যয়ন আরম্ভ করুন।

# ২য় খণ্ডের ছাত্র-রিপোর্ট

২ নং উত্তর পত্রে সমস্ত প্রশ্নের উত্তর চিহ্নিত করুন। কিভাবে উত্তর চিহ্নিত করতে হবে সে বিষয়ে উত্তর পত্রে দেওয়া উদাহরণগুলি দেখে নিন।

## ১ম অংশ — ২য় খণ্ডের জন্য আবশ্যকীয় বিষয়গুলি

এই প্রশ্নগুলির জন্য আপনার উত্তর **'হ্যাঁ'** হলে উত্তর পত্রে (ক) গোলকটি কালো করুন। উত্তর যদি **'না'** হয় তাহলে (খ) গোলকটি কালো করুন।

১। আপনি কি ২য় খণ্ডের সবগুলি পাঠ যত্নের সঙ্গে পড়েছেন?

২। আপনি কি পাঠের মধ্যকার শিক্ষামূলক সমস্ত প্রশ্নের উত্তর দিয়েছেন?

৩। আপনি কি সবগুলি পরীক্ষার কাজ করেছেন?

৪। পরীক্ষার যে প্রশ্নগুলির উত্তর ভুল হয়েছিল সেগুলির উপর কি আবারও পড়াশুনা করেছেন ?

৫। পাঠগুলির মধ্যে যে সমস্ত নূতন শব্দ পেয়েছেন, পরিভাষা অংশ থেকে সেগুলির অর্থ কি জেনে নিয়েছেন ?

## ২য় অংশ—সত্য-মিথ্যা প্রশ্ন

নীচের উক্তিগুলি সত্য অথবা মিথ্যা। কোন উক্তি যদি

**সত্য** হয় তাহলে (ক) গোলকটি কালো করুন, আর যদি
**মিথ্যা** হয় তাহলে (খ) গোলকটি কালো করুন।

৬। কোন একটা পরিকল্পনায় লক্ষ্য অন্তর্ভুক্ত করবার প্রয়োজন নাই।

৭। আমাদের ব্যক্তি সত্বার তিনটি প্রধান অংশ হচ্ছে আবেগ, অনুভূতি এবং বুদ্ধিবৃত্তি।

৮। আমাদের জন্য ঈশ্বরের যে পরিকল্পনা তা আমাদের ব্যক্তিগত কামনা বাসনার সাথে একত্রে অবস্থান করতে পারে।

৯। রোমীয় ৮ঃ২৯-৩০ পদ অনুসারে ঈশ্বরের পরিকল্পনার সাতটি প্রধান দিক আছে।

১০। একজন বিশ্বাসীর পক্ষে তার দেহকে নিয়ন্ত্রণে রাখা সম্ভব।

১১। ঈশ্বর মানুষের অন্তর দেখেন বলে বিশ্বাসীদের সুন্দর ও মার্জিত চেহারার কোন প্রয়োজন নাই।

১২। নিজেদের জন্য একটা সময় আলাদা করে রাখা আমাদের ব্যক্তিগত সম্পত্তির ধনাধ্যক্ষতার অন্তর্ভুক্ত।

## ৩য় অংশ—বাছাই-প্রশ্ন

নীচের প্রতিটি প্রশ্নের জন্য একটি মাত্র উপযুক্ত উত্তর আছে। আপনার মনোনীত উত্তরটি অনুসারে উত্তর পত্রে উপযুক্ত গোলকটি কালো করুন।

১৩। মনে করুন, আপনার কোন এক বন্ধু আপনাকে বল্লেন যে তার মনে হয় যেন তার জীবনের কোন উদ্দেশ্যই নাই। আপনার বাইবেল থেকে নীচের শাস্ত্রাংশগুলি পড়ুন এবং তার জীবনের জন্য ঈশ্বরের পরিকল্পনা কি তা দেখিয়ে দেবার জন্য আপনি এদের কোন্‌টি ব্যবহার করতে পারেন তা বেছে বের করুন।

ক) বিচারকর্তৃগণ ১৩ ঃ ১-৫ গ) রোমীয় ৮ ঃ ২৯-৩০
খ) লূক ১ ঃ ৫-১৭ ঘ) ইব্রীয় ১১ ঃ ২৩

১৪। "জন" একজন বাইবেল স্কুলের শিক্ষক হতে স্থির করেছে। "জন" এর এই কাজটি হল ঃ—

ক) একটা লক্ষ্য স্থির করা।
খ) কোন্‌টিকে অগ্রাধিকার দিতে হবে তা প্রতিষ্ঠা করা।
গ) পরিকল্পনা করা।

১৫। মনে করুন, আপনার কোন এক বন্ধুর বিশ্বাস, ঈশ্বর তাকে মণ্ডলীর একজন নেতা হওয়ার জন্য আহ্‌বান করেছেন। এর পর তার কি করণীয় তিনি আপনাকে তা জিজ্ঞাসা করলেন। আপনি তাকে কি বলবেন?

ক) তার পরবর্তী পদক্ষেপ কি হবে এ সম্পর্কে ঈশ্বরের কাছ থেকে একটা স্বপ্ন বা দর্শন পাবার অপেক্ষায় থাকতে।
খ) সঠিক নির্দেশ ও বিস্তারিত শিক্ষার জন্য বাইবেলে অনুসন্ধান করতে।
গ) মণ্ডলীতে একটা নেতৃত্বের পদের জন্য অনুরোধ করতে।
ঘ) নেতৃত্বের কাজের জন্য নিজেকে প্রস্তুত করার উদ্দেশ্যে পরিকল্পনা নিতে।

১৬। কোন্‌টি ন্যায় বা ঠিক, তা মনোনীত করবার উদ্দেশ্যে আমরা আমাদের ব্যক্তি সত্বার যে অংশটি ব্যবহার করি তা হল আমাদের-

ক) মস্তিষ্ক।
খ) ইচ্ছাশক্তি।
গ) অনুভূতি।

১৭। আমরা যদি ঈশ্বরের প্রতি বাধ্য হতে চাই তাহলে কোন্ চারটি জিনিষকে একত্রে কাজ করতে হবে।

ক) আমাদের ইচ্ছাশক্তি, আমাদের অনুভূতি, আমাদের মস্তিষ্ক, এবং ঈশ্বরের বাক্য।
খ) আমাদের মস্তিষ্ক, ঈশ্বরের বাক্য, পবিত্র আত্মা এবং আমাদের ইচ্ছাশক্তি।

গ) ঈশ্বরের বাক্য, আমাদের মস্তিষ্ক, আমাদের অনুভূতি এবং পবিত্র আত্মা।

ঘ) পবিত্র আত্মা, আমাদের বুদ্ধি বৃত্তি, আমাদের মস্তিষ্ক, এবং আমাদের ইচ্ছাশক্তি।

১৮। মনে করুন, আপনার কোন এক বন্ধু আপনাকে জিজ্ঞাসা করলেন যে, আমাদের আত্মিক জীবনের সাথে আমাদের অনুভূতির কি সম্পর্ক? নীচের শাস্ত্রাংশগুলি পাঠ করুন এবং এই প্রশ্নের উত্তরে যেটি ব্যবহার করা সবচেয়ে ভাল সেটি মনোনীত করুন।

ক) ১ শমূয়েল ১৫ ঃ ৯-১১
খ) যোহন ১৫ ঃ ৫
গ) ১ করিন্থীয় ১৪ ঃ ১৫
ঘ) গালাতীয় ৫ ঃ ২২-২৩

১৯। আমরা আমাদের দেহকে সম্মান করব কেন, নীচের কোন বাক্যটিতে তার সবচেয়ে গুরুত্বপূর্ণ কারণ বলা হয়েছে?

ক) আমাদের দেহ আসলে ঈশ্বরের বাস করবার মন্দির।

খ) দেহের প্রতি সম্মান দেখালে তার ফলে ভাল স্বাস্থ্য লাভ হয়।

গ) ভাল স্বাস্থের অধিকারী হলে আমরা ভালভাবে জীবন উপভোগ করতে পারি।

ঘ) আমরা দেহের যত্ন নিলে অন্যেরা আমাদের আরও বেশী পছন্দ করবে।

২০। নীচের কোন্ ব্যক্তি ভাল স্বাস্থের নিয়মগুলি মেনে চলছে না?

ক) কাজল প্রায়ই এমন সব জায়গায় যায় যেসব জায়গা নৈতিক দিক দিয়ে ক্ষতিকর।

খ) অপূর্ব যে পোশাকে সমুদ্র সৈকতে যায় সেই একই পোশাকে গীর্জায় আসে।

গ) সুমন রাতে ছয় ঘন্টারও কম সময় ঘুমাতে পারে।

ঘ) মেরী খুব দামী গহনা পরে।

২১। উপরের ২০ নং প্রশ্ন আবার পড়ুন। কোন্ ব্যক্তি পোষাক পরিচ্ছদে উপযুক্ততার নীতিটি মেনে চলছে না?

ক) কাজল
খ) অপূর্ব
গ) সুমন
ঘ) মেরী

২২। সময়ের ধনাধ্যক্ষ হিসাবে নীচের কোন্ ব্যক্তি তার তিনটি প্রধান দায়িত্বের প্রতিটির জন্য কিছু সময় দিয়েছে ?

ক) সুজন তার সন্তানদের সাথে সময় কাটায় ; বিভিন্ন সমস্যাবলী নিয়ে তার স্ত্রীর সাথে আলাপ করে এবং চিত্তবিনোদনের জন্য সময় ব্যয় করে।

খ) আশিষ সহভাগিতার জন্য বন্ধু বান্ধবদের নিমন্ত্রণ করে, তার পরিকল্পনা নিয়ে ছেলের সাথে আলাপ-আলোচনা করে এবং গীর্জার উপাসনায় যোগ দেয়।

গ) তপন তার পরিবারের সাথে আলাপ-আলোচনা করে, আগামী মাসের জন্য পরিকল্পনা স্থির করে এবং প্রার্থনা ও বাইবেল পাঠে সময় ব্যয় করে।

২৩। নীচের কোন্ বাক্যটি মথি ২৫ ঃ ১৪-৩০ পদের শিক্ষার সার বর্ণনা করে, ক্ষমতা বা সময়ের বিষয়ে ?

ক) অল্প সামর্থ থাকার চেয়ে বেশী সামর্থ বা ক্ষমতা থাকা ভাল কারণ তাতে অনেক বড় পুরস্কার পাওয়া যায়।

খ) কোন ব্যক্তিকে বিনিয়োগ করবার জন্য কত বেশী প্রতিভা বা ক্ষমতা দেওয়া হয়েছে তারই উপর তার পুরস্কার নির্ভর করে।

গ) যে ব্যক্তি বেশী সংখ্যক ক্ষমতা পেয়েছে তার পক্ষে, ঈশ্বরের আনুকুল্য লাভ করবার সম্ভাবনা, যে কম ক্ষমতা পেয়েছে তার চেয়ে অনেক বেশী।

ঘ) তার ক্ষমতা যত কম বা বেশী হোক না কেন প্রত্যেক ব্যক্তিকে তার নিজ নিজ ক্ষমতাগুলির প্রত্যেকটি বিনিয়োগ করতে হবে।

২৪। আপনার মধ্যে কি কি ক্ষমতা সুপ্ত অবস্থায় আছে তা আবিষ্কার করতে হলে আপনাকে এমন একটি পরিকল্পনা অনুসরণ করতে হবে যার মধ্যে এই তিনটি ধাপ আছে।

ক) প্রভুকে জিজ্ঞাসা করা, সুযোগের অপেক্ষায় থাকা, এবং নূতন নূতন কাজ করতে চেষ্টা করা।

খ) প্রভুকে জিজ্ঞাসা করা, সুযোগের অপেক্ষায় থাকা, এবং বাইবেল অনুসন্ধান করা।

গ ) সুযোগ আবিষ্কার করা, প্রয়োজনে এমন সব বিষয় খোঁজ করা এবং নূতন কিছু করতে চেষ্টা করা।

ঘ ) পরিচালনার জন্য প্রার্থনা করা, সুযোগের অপেক্ষায় থাকা, এবং কি কি প্রয়োজন পূরণ করা দরকার তা দেখা।

**২য় খণ্ডের প্রয়োজন সমাপ্ত।** এর পর উত্তর পত্রের নির্দেশ মত কাজ করুন এবং কাজ শেষে উত্তর পত্রটি আই-সি-আই অফিসে পাঠিয়ে দিন। ৩য় খণ্ডের অধ্যয়ন আরম্ভ করুন।

# ৩য় খণ্ডের ছাত্র-রিপোর্ট

৩ নং উত্তর পত্রে সমস্ত প্রশ্নের উত্তর চিহ্নিত করুন। কিভাবে উত্তর চিহ্নিত করতে হবে সে বিষয়ে উত্তর পত্রে দেওয়া উদাহরণ গুলি দেখে নিন।

## ১ম অংশ—৩য় খণ্ডের জন্য আবশ্যকীয় বিষয়গুলি

এই প্রশ্নগুলির জন্য আপনার উত্তর **'হ্যাঁ'** হলে উত্তর পত্রে (ক) গোলকটি কালো করুন। উত্তর যদি **'না'** হয় তাহলে (খ) গোলকটি কালো করুন।

১। আপনি কি ৩য় খণ্ডের সবগুলি পাঠ যত্নের সঙ্গে পড়েছেন ?

২। আপনি কি পাঠের মধ্যকার শিক্ষামূলক সমস্ত প্রশ্নের উত্তর দিয়েছেন ?

৩। আপনি কি সবগুলি পরীক্ষার কাজ করেছেন ?

৪। পরীক্ষার যে প্রশ্নগুলির উত্তর ভুল হয়েছিল সেগুলির উপর কি আবারও পড়াশুনা করেছেন ?

৫। পাঠগুলির মধ্যে যে সব নূতন শব্দ পেয়েছেন, পরিভাষা অংশ থেকে সেগুলির অর্থ কি জেনে নিয়েছেন ?

## ২য় অংশ—সত্য-মিথ্যা প্রশ্ন

নীচের উক্তিগুলি সত্য অথবা মিথ্যা। কোন উক্তি যদি **সত্য** হয় তাহলে (ক) গোলকটি কালো করুন। আর যদি **মিথ্যা** হয় তাহলে (খ) গোলকটি কালো করুন।

৬। দশমাংশ দেওয়ার প্রথটি নূতন নিয়মেই সর্ব প্রথম উল্লেখ করা হয়েছে।

৭। এমনকি যে লোকদের খুব সামান্যই আছে তারাও লোভ করবার পাপে অপরাধী হতে পারে।

৮। কোন ব্যক্তির আয় যদি ব্যয়ের চেয়ে কম হয় তবে তার দশমাংশ কমিয়ে দেওয়া উচিত।

৯। একটা খ্রীষ্টিয় পরিবারের পক্ষে কি আদর্শ অনুসরণ করা উচিত, বাইবেলে এ বিষয়ে প্রকৃত পক্ষে কোন নির্দেশই দেওয়া হয়নি।

১০। পরিবারের অখণ্ডতা রক্ষা করবার দায়িত্ব এর ধনাধ্যক্ষের।

১১। যে মণ্ডলীর সভ্যগণ দশমাংশ দেন না, সেই মণ্ডলীর পক্ষে মহান আদেশ পূর্ণ করা কঠিন।

১২। ধনাধ্যক্ষ হিসাবে কোন ব্যক্তির দায়িত্ব তার পরিবার ও মণ্ডলীতেই সীমাবদ্ধ।

## ৩য় অংশ—বাছাই প্রশ্ন

নীচের প্রতিটি প্রশ্নের জন্য একটি মাত্র উপযুক্ত উত্তর আছে। আপনার মনোনীত উত্তরটি অনুসারে উত্তর পত্রে উপযুক্ত গোলকটি কালো করুন।

১৩। বাইবেল বলে যে—

ক) ধনী লোকদের পক্ষে ঈশ্বরের রাজ্যে প্রবেশ করা অসম্ভব।

খ) একসাথে ঈশ্বর এবং ধন-সম্পত্তি এই উভয়ের সেবা করা অসম্ভব।

গ) বিশ্বাসীদের পক্ষে স্বর্গে ধন সঞ্চয় করা অসম্ভব।

ঘ) লোকদের পক্ষে ঈশ্বরের সন্তোষ জনক পথে ধন-সম্পদ ব্যবহার করা অসম্ভব।

১৪। যিনি খ্রীষ্টের ধনাধ্যক্ষ তার যা আছে তাতেই তিনি পরিতৃপ্ত, তিনি নিম্নের দু'টি বিষয়ের পার্থক্য বুঝতে শিখেছেন ঃ

ক) প্রতিভা এবং ক্ষমতা।

খ) কর্তব্য এবং দায়িত্ব।

গ) আবেগ এবং অনুভূত।

ঘ) প্রয়োজন এবং আকাঙ্খা।

১৫। একজন খ্রীষ্টিয় ধনাধ্যক্ষের দশমাংশ দেওয়া উচিত কেন, এই বিষয়ে নীচের কোন্ উক্তিটিতে **সবচেয়ে গুরুত্বপূর্ণ** কারণটি উল্লেখ করা হয়েছে ?

ক ) ঈশ্বরই মানুষের সমস্ত ধন-সম্পদের প্রকৃত মালিক।

খ ) যারা দশমাংশ দেয় তাদের জন্য ঈশ্বর আশীর্বাদের প্রতিজ্ঞা করেছেন।

গ ) দশমাংশ দেওয়া লোকদের স্বার্থপরতা থেকে মুক্ত রাখে।

ঘ ) বাইবেলে এমন লোকদের দৃষ্টান্ত আছে যারা দশমাংশ দিতেন।

১৬। কোন একটা পরিবারকে কেবল মাত্র তখনই খ্রীষ্টিয় পরিবার বলা যায়, যখন—

ক ) সন্তানেরা তাদের বাবা-মায়ের প্রতি বাধ্য থাকে।

খ ) পরিবারের সকলে বাইবেল পাঠ করে ও গীর্জায় যায়।

গ ) স্বয়ং খ্রীষ্ট ঐ পরিবারের কর্তা হন।

ঘ ) প্রত্যেকে একে অন্যের অধিকার গুলিকে শ্রদ্ধার চোখে দেখে।

১৭। কোন একটা পরিবার পরিত্রাণ পাবার পরে এর সভ্যগণ যেন প্রভুর সেবায় স্থির থাকে তা দেখবার জন্য প্রধানতঃ কে দায়ী।

ক ) যে ব্যক্তি তাদের প্রভুর পথে এনেছে।

খ ) বাবা-মা।

গ ) স্বামী।

ঘ ) তারা যে গীর্জায় যায় সেই গীর্জার পালক।

১৮। বাবা-মায়ের পক্ষে যেমন বাড়ীতে, তেমনি মণ্ডলীতে সুন্দর মার্জিত জীবন-যাপন করা অত্যন্ত প্রয়োজনীয়, কারণ—

ক ) তা না হলে তাদের সন্তানেরা ভুল শিক্ষা পাবে

খ ) মণ্ডলীর পালক হঠাৎ করে তাদের বাড়ীতে আসতে পারেন।

গ ) পরিবারের মধ্য থেকেই অনেক মণ্ডলীর আরম্ভ হয়েছে

ঘ ) খ্রীষ্টিয়ান বাড়ীগুলিকে এক একটা অতিথি আপ্যায়নের স্থান হতে হবে।